

আজীবন স্বপ্ন

আমি কিংবদন্তীর সীমানায়
আজীবন মুক্ত মানব হতে গিয়ে
অজস্র হতে অজস্রতর,
প্রায় এক সহস্র বছর পেরিয়ে
হঠাৎ এক রাতে
ডায়েরীর পিছনের পাতা গুলি খুলে দেখি
সাদা কাগজ সাদাই
কিছুই নেই সেখানে
আদ্যন্ত এভাবেই।

আমার এক সহস্র বছর পুরানো বন্ধু নেই,
নেই আমার কোন রক্তের স্বজন
এমন কি আমার জীবনের শ্রেষ্ঠ নারীর
প্রচ্ছদ নেই; মুছে গেছে অবলীলায়
আমার নাম নেই; কিছুই নেই।

হঠাৎ শেষ পৃষ্ঠায়
এসে থমকে যাই
দেখি, গত রাতে
লেখা শব্দ কয়েক
এখনো আছে উজ্জ্বল :
“আমি কিংবদন্তী হতে চাই
আজীবন নৈসর্গের সীমানায়
মুক্ত মানব হয়ে”।